

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
মনিটরিং সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.০৩.০৯৯.০০৫.২৩-৪৪ তারিখ: ২৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি:

**বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার হার
নির্ধারণ/সংশোধনী প্রসঙ্গে।**

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং- ০৭.০০.০০০০.০৩.০৯৯.০০৫.২৩-১৬;
তারিখ: ২৮ জানুয়ারি ২০২৪

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিগত ২৮ জানুয়ারি ২০২৪ তারিখে প্রেরিত সূত্রোক্ত পত্রের মাধ্যমে ০১ জানুয়ারি ২০২৪ হতে ৩০ জুন ২০২৪ তারিখ পর্যন্ত সময়ে ৪৩টি খাতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার প্রযোজ্য হার সম্পর্কে বাংলাদেশ ব্যাংক কে অবহিত করা হয়। তৎপ্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক ৩০ জানুয়ারি ২০২৪ তারিখে এফই সার্কুলার নং ২/২০২৪ জারি করে। ইতোমধ্যে বর্ণিত বিষয়ে সরকার নিম্নোক্ত ০৩টি সংশোধনী আনয়নের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

- (ক) ১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ হতে এফই সার্কুলার নং ২/২০২৪ কার্যকর করা;
- (খ) ভারত, জাপান ও অস্ট্রেলিয়াকে নতুন বাজার খাতের আওতাভুক্ত হিসেবে পুনর্বহাল করে উক্ত খাতের জন্য প্রযোজ্য হ্রাসকৃত নগদ সহায়তা প্রদান করা;
- (গ) সম্পূর্ণরূপে প্রত্যাহারকৃত ৫টি এইচএস কোড (৬১০৫; ৬১০৭; ৬১০৯; ৬১১০ এবং ৬২০৩) ভুক্ত পণ্যসমূহকে হ্রাসকৃত হারে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের জন্য পুনর্বহাল করা।

০২। সে অনুযায়ী অর্থ বিভাগের সূত্রোক্ত পত্রটি একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত করে জারী করা হয়েছে, যা এতদসঙ্গে প্রেরণ করা হলো। এমতাবস্থায়, অর্থ বিভাগের উক্ত সংশোধিত পত্রের ভিত্তিতে এফই সার্কুলার নং ২/২০২৪ সংশোধনপূর্বক পুনরায় জারির জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি- অর্থ বিভাগের একই স্মারক ও তারিখের স্মৃতিভিষিক্ত পত্র

(মোহাম্মদ সোহরাব হোসেন)

ফিন্যান্সিয়াল এনালিস্ট

ফোন: ৫৫১০০০৯১

sohrabh@finance.gov.bd

গভর্নর

বাংলাদেশ ব্যাংক

মতিঝিল, ঢাকা

(দৃ:আ: পরিচালক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ)